
দৈনিক সংবাদ

তারিখ 31 JUL 1986

পৃষ্ঠা 1 কলাম 2

653



এসএসসি পরীক্ষার ফল আজ বেরুবে। কিন্তু গত কয়েকদিন ধরেই বোর্ড অফিসের সামনে পরীক্ষার্থীদের ভিড় লক্ষ্য করা গেছে। গতকাল সকালে ঢাকা বোর্ডের সামনে থেকে ছবিটি তোলা হয়েছে। —সংবাদ

# এসএসসি পরীক্ষার ফল আজ প্রকাশ করা হচ্ছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

এ বছরের এসএসসি পরীক্ষার ফল আজ প্রকাশ করা হচ্ছে। দেশের চারটি শিক্ষা বোর্ডের ফলাফলই ঢাকা থেকে একসাথে প্রকাশিত হবে।

এ বছর ঢাকা বোর্ড থেকে ১লাখ ১১ হাজার ৭৮৩ জন, রাজশাহী বোর্ড থেকে ৯০ হাজার ৪৮২ জন, কুমিল্লা বোর্ড থেকে ৮৬ হাজার ৬৬৫ জন এবং যশোর বোড থেকে ৮০ হাজার ৯৭৪ জন পরীক্ষা দিয়েছিল। পরীক্ষার ফলাফল গত মাসের প্রথমদিকে প্রকাশ হওয়ার কথা ছিল। মাধ্যমিক শিক্ষকদের ধর্মঘট এবং জাতীয় সংসদ নির্বাচনের কারণে এই দেরী হলো বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।